

“মুজিব বর্ষে
বিআরডিবি’র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
আইসিটি সেল
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৩২

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮

০৯ মার্চ ২০২২

বিষয়: বিআরডিবি’র একটি উদ্ভাবনী উদ্যোগ দেশব্যাপী স্কেলআপ/বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি’র ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে মাঠ পর্যায় থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগসমূহ থেকে যাচাই-বাহাই করে দেশব্যাপী বাস্তবায়নের জন্য একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হয়েছে। বিআরডিবি’র ইনোভেশন কমিটির সুপারিশক্রমে নির্বাচিত নিম্নোক্ত উদ্ভাবনী উদ্যোগটি দেশব্যাপী স্কেলআপ/বাস্তবায়ন হবেঃ

ক্রম	উদ্যোগের নাম	উদ্ভাবক/বাস্তবায়নকারী	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন শুরু
১	২	৩	৪	৫
১	BRDB SME Software	জনাব কল্লোল সরকার নির্বাহী পরিচালক পিইপি, ফরিদপুর	স্কেলআপ/বাস্তবায়ন	সেপ্টেম্বর/২০২১

২. গ্রামীণ জনগোষ্ঠীকে ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে “কোভিড-১৯ প্রণোদনা: পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল পরিচালন নীতিমালা” এর আলোকে বিআরডিবি এসএমই ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম বাস্তবায়ন করছে। এতদ সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পরিবীক্ষণ কার্যক্রম স্বচ্ছ ও জবাদিহিমূলক করার উদ্দেশ্যে “BRDB SME Software” উদ্যোগটির বাস্তবায়ন কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। বিআরডিবি’র ওয়েবসাইটের “অভ্যন্তরীণ ই-সেবাসমূহ” থেকে “এসএমই সফটওয়্যার” লিংকের মাধ্যমে মাঠপর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে এসএমই ঋণের তথ্যসমূহ ইনপুট দেয়া হচ্ছে। এই উদ্যোগটি দেশব্যাপী বাস্তবায়নের মাধ্যমে এসএমই ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের রিপোর্টিং ও পরিবীক্ষণ প্রতিবেদন তুলনামূলক সহজে, দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। তাই, “BRDB SME Software” উদ্যোগটি দেশব্যাপী বাস্তবায়ন করা যেতে পারে।

৩. এমতাবস্থায়, উল্লেখিত উদ্ভাবনী উদ্যোগটি দেশব্যাপী বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৯-৩-২০২২

সুপ্রিয় কুমার কুন্ডু

মহাপরিচালক

জনাব কল্লোল সরকার

নির্বাহী পরিচালক (পিইপি), ফরিদপুর।

ফোন: +৮৮০২৮১৮০০০২


ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৩২/১(১৪১)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৩) প্রকল্প/কর্মসূচী পরিচালক (সকল), বিআরডিবি
- ৪) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর (সকল)
- ৫) উপপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৬) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (ওয়েবসাইট ও সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের জন্য)
- ৭) সহকারী পরিচালক/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি।



৯-৩-২০২২

সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক